

ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ, রাজশাহী

বিমানবন্দর রোড, নওদাপাড়া, সপুরা, রাজশাহী। ফোনঃ ০১৯১৭ ০৮৯৭০৫, ০১৭৩২ ১৩৬৯৭৫

২০২১-২০২২ শিক্ষাবর্ষে BDS কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ, রাজশাহীতে ২০২১-২০২২ইং শিক্ষাবর্ষে বিডিএস ৯ম ব্যাচে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আবেদন আহবান করা হচ্ছে।

- ১) আবেদনকারীর যোগ্যতা : স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গৃহীত লিখিত পরীক্ষার মাধ্যমে বেসরকারী মেডিকেল কলেজের জন্য নির্বাচিত (লিখিত পরীক্ষায় কমপক্ষে ৪০ নম্বর প্রাপ্ত) ছাত্র-ছাত্রী।
- ২) আবেদন ফরম সংগ্রহ : ২৩/০৬/২০২২ইং হতে ০৩/০৭/২০২২ইং পর্যন্ত নগদ ১,০০০/- (এক হাজার টাকা) পরিশোধ সাপেক্ষে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

কলেজ কার্যালয় বিমান বন্দর রোড নওদাপাড়া, রাজশাহী	ইসলামী ব্যাংক ফাউন্ডেশন ১৬৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, আল রাজী কমপ্লেক্স, ১৫ তলা, পুরানা পল্টন, ঢাকা। মোবাঃ ০১৭১৬০ ৬২০২৬৩	www.ibmcr.edu.bd হতে Download করা যাবে।
---	--	--

(যারা ওয়েবসাইট থেকে আবেদন ফরম সংগ্রহ করবে, তাদের ১,০০০/- টাকা নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ আবেদন ফরম জমা দিতে হবে।)

- ৩) আবেদন ফরম জমাঃ ২৩/০৬/২০২২ইং তারিখ থেকে ০৩/০৭/২০২২ইং পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৪:০০টা) মেডিকেল কলেজ কার্যালয় এবং ইসলামী ব্যাংক ফাউন্ডেশন কার্যালয়ে হাতে হাতে অথবা ডাক/কুরিয়ার যোগে ফরম জমা দেয়া যাবে।
- ৪) আবেদন ফরমের সাথে সংযুক্তি-
 - ক) ০৪ কপি (সদ্য তোলা পাসপোর্ট সাইজের) সত্যায়িত রঙ্গিন ছবি।
 - খ) ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপি।
 - গ) ভর্তি পরীক্ষার রেজাল্ট সীট এর প্রিন্টকৃত মূলকপি।
 - ঘ) এস,এস,সি ও এইচ,এস,সি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি।
 - ঙ) এস,এস,সি ও এইচ,এস,সি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেস্টোমনিয়াল এর সত্যায়িত ফটোকপি।
 - চ) ফরম ক্রয় রশিদ এর মূলকপি।
 - ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের অভিভাবকের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা সনদপত্রের ফটোকপি প্রদান করতে হবে। এক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.০২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৫) দরিদ্র ও মেধাবী কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী নিম্নোক্ত কাগজপত্র অতিরিক্ত সংযুক্ত করবে-
 - ক) ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অভিভাবকের বার্ষিক আয়ের অস্বচ্ছলতার স্বপক্ষে নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা।
 - খ) পিতা/মাতা বা অভিভাবক চাকুরিজীবী হলে তার আর্থিক অবস্থা/বার্ষিক আয় সম্পর্কে তার অফিস প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়ন পত্র।
 - গ) পিতা/মাতা বা অভিভাবক এর অস্বচ্ছলতার স্বপক্ষে ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান/পৌর ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার এর প্রত্যয়ন পত্র।
- ৬) বাছাই প্রক্রিয়াঃ আবেদনকারীদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গৃহীত লিখিত পরীক্ষার মেধাক্রমানুযায়ী ভর্তির জন্য নির্বাচিতদের মেধা তালিকা এবং একই নিয়মে অপেক্ষমান তালিকা তৈরী করা হবে।
- ৭) ফলাফল প্রকাশঃ ০৬/০৭/২০২২ইং, সকাল ১০:০০টায় কলেজের নোটিশ বোর্ড, ওয়েবসাইট:
www.ibmcr.edu.bd প্রকাশিত হবে।
- ৮) মেধা তালিকা থেকে ভর্তি : ১৪/০৭/২০২২ইং হতে ১৮/০৭/২০২২ইং পর্যন্ত।
- ৯) অপেক্ষমান তালিকা থেকে ভর্তি : ১৯/০৭/২০২২ইং হতে ২৮/০৭/২০২২ইং পর্যন্ত।
- ১০) ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কলেজ কার্যালয় ও কলেজের ওয়েবসাইট www.ibmcr.edu.bd হতে জানা যাবে।
- ১১) স্বাস্থ্য পরীক্ষা : ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ভর্তির সময় সম্পন্ন করা হবে।
- ১২) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩) যোগাযোগঃ জাকির হোসেন (ইনচার্জ, একাডেমিক): ০১৭৩২-১৩৬৯৭৫

(অধ্যাপক ডাঃ মোঃ ছানাউল হক মিয়া)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ, রাজশাহী।